



বাংলাদেশ কনস্যুলেট জেনারেল  
ইস্তানবুল, তুরস্ক

### সংবাদ বিজ্ঞপ্তি

২০ জুন ২০২২, ইস্তানবুল: বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা), তুরস্কস্থ বাংলাদেশ দূতাবাস এবং ইস্তানবুলস্থ বাংলাদেশ কনস্যুলেট জেনারেল এর যৌথ উদ্যোগে আজ ২০ জুন ২০২২ তারিখে ইস্তানবুলের একটি পাঁচ-তারকা হোটেলে ‘বাংলাদেশ বিনিয়োগ সেমিনার’ আয়োজন করা হয়। উক্ত সেমিনারে তুরস্কে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব মসয়ুদ মান্নান, বাংলাদেশে তুরস্কের রাষ্ট্রদূত জনাব মোস্তফা ওসমান তুরান, বিডার নির্বাহী চেয়ারম্যান জনাব সিরাজুল ইসলাম, ইস্তানবুলের বাংলাদেশের কনসাল জেনারেল জনাব মোহাম্মাদ নুরে-আলম সহ অর্ধশতাধিক তুর্কিশ বিনিয়োগকারী এবং ব্যবসায়ীবৃন্দ অংশগ্রহণ করেন।

স্বাগত বক্তব্যে কনসাল জেনারেল নুরে-আলম বলেন, গত একদশকের অধিক সময় ধরে মাননীয় প্রধানমন্ত্রীর দূরদর্শী নেতৃত্বে বাংলাদেশ অভূতপূর্ব অর্থনৈতিক প্রবৃদ্ধি ও সামাজিক অগ্রগতি অর্জন করেছে। এমনকি, করোনা মহামারী এবং রাশিয়া-ইউক্রেন যুদ্ধের সময় বাংলাদেশ তার ক্রমবর্ধমান অর্থনৈতিক প্রবৃদ্ধি ধরে রেখেছে, যা একটি দৃঢ় ও সহনশীল অর্থনীতির নির্দেশক। বিদেশী বিনিয়োগের অমিত সম্ভাবনা ও সীমাহীন সুযোগের নাম বাংলাদেশ। ১৭০ মিলিয়নের জনসংখ্যার দেশীয় বাজার, জনগণের ক্রমবর্ধমান ক্রয়ক্ষমতা, প্রতিযোগিতামূলক মুজরি, উদ্যমী, তরুণ ও দক্ষ জনসম্পদ, বৃহৎ অবকাঠামোগত উন্নয়ন, ভৌগোলিক অবস্থান এবং আঞ্চলিক সংযোগ বাংলাদেশকে বিনিয়োগের জন্য উপযুক্ত স্থান হিসেবে প্রতিষ্ঠিত করেছে বলে, কনসাল জেনারেল মন্তব্য করেন।

রাষ্ট্রদূত জনাব মসয়ুদ মান্নান বাংলাদেশ-তুরস্কের মধ্যকার ভাতৃপ্রতিম সম্পর্ক, রাজনৈতিক বোঝাপড়া, অর্থনৈতিক ও ব্যবসায়িক সম্পর্কের চিত্র তুলে ধরে, বাংলাদেশে ব্যবসা ও বিনিয়োগের অমিত সুযোগ ও সম্ভাবনা অন্বেষণ করার জন্য তুর্কি ব্যবসায়ী ও বিনিয়োগকারীদের আহ্বান জানান।

বিডার নির্বাহী চেয়ারম্যান জনাব ইসলাম সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন, যেখানে বিনিয়োগের পরিবেশ ও বিনিয়োগ সক্ষমতার সার্বিক চিত্র তুলে ধরেন। তৈরি-পোশাক, তথ্য-প্রযুক্তি, স্বাস্থ্য পরিষেবা এবং চিকিৎসা সরঞ্জাম, অটোমোবাইল এবং অটো পার্টস, জাহাজ নির্মাণ শিল্পসহ অন্যান্য সম্ভাবনাময় খাতে, যেমন, পূর্ণমালিকানা, ট্যাক্স হালিডে, শুল্কমুক্ত আমদানি সুবিধাসহ আর্থিক ও অ-আর্থিক প্রণোদনা সম্পর্কে উপস্থিত তুর্কি বিনিয়োগকারীদের অবহিত করেন। তিনি বিনিয়োগবান্ধব পরিবেশ নিশ্চিতকরণে সরকারের বিভিন্ন উদ্যোগ ও সংস্কার-সাফল্য উপস্থিত অতিথিদের সামনে তুলে ধরেন। “বিডা তুর্কি বিনিয়োগের প্রতিটি ধাপে দ্রুত, মসৃণ এবং স্বামেলামুক্ত নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ”, জনাব ইসলাম যোগ করেন।

বিডার মহাপরিচালক জনাব শাহ মোহাম্মাদ মাহবুব এর সঞ্চালনায় তুর্কি-বাংলাদেশ বিজনেস কাউন্সিলের চেয়ারম্যান জনাব হিদায়েত ওনুর ওজদেন, এফবিসিসিআই এর প্রেসিডেন্ট জনাব জসিম উদ্দিন, আর্চেলিক গ্রুপের প্রধান কমার্শিয়াল কর্মকর্তা জনাব সেমাল চ্যান ডিনসার, আইগ্যাসের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব গোখান তেজেল এবং আদমজী রপ্তানি প্রক্রিয়াকরণ জোনের নির্বাহী পরিচালক জনাব আহসান কবির একটি প্যানেল আলোচনায় অংশগ্রহণ করেন। যেখানে, বক্তারা বাংলাদেশে বিদেশী বিনিয়োগ ও ব্যবসার অভিজ্ঞতা, সুযোগ, সম্ভাবনা ও চ্যালেঞ্জ তুলে ধরেন। উক্ত বিনিয়োগ সম্মেলনের ফলশ্রুতিতে বাংলাদেশে তুরস্কের বিনিয়োগ অধিকতর বৃদ্ধি পাবে বলে উপস্থিত সবাই আশাবাদ ব্যক্ত করেন।

